তারিখ 20 APR 1992
পৃষ্ঠা 7 কলাম 6

দৈনিক ইত্তেফাক

246

# গণআদালতের নামে বিশৃংখলা বরদাশত করা হইবে না

...................... ছাত্রদল

ইত্তেফাক রিপোর্ট ॥ ছাত্রদল গতকাল (রবিবার) জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে এক ছাত্র সমাবেশে বলিয়াছে 'আমরা গোলাম আজমের বিচার চাই। তবে এই বিচার হইতে হইবে প্রচলিত আইনের আওতায়। গণআদালতের নামে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করা

( ২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## ছাত্র দল

( ১ম পৃঃ পর )

হইলে তাহা বরদাস্ত করা হইবে না'। সমাবেশে ডাঃ মিলনের হত্যাকারীদের গ্রেফতার ও বিচার এবং শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান হয়।

ছাত্র দলের আহ্বায়ক, ডাকসুর ভিপি আমান উল্লাহ আমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে ছাত্রদল নেতা নাজিমউদ্দিন আলম, খায়রুল কবীর খোকন, রিজভী আহমেদ, মনিরুজ্জামান মনির, আবুল খায়ের ভূঁইয়া, ইলিয়াস আলী কামরুজ্জামান রতন, আবদুল মালেক শিরিন সুলতানা, হাবিব-উন-নবী সোহেল, নাসিরউদ্দিন পিন্টু, আলী আকাস নাদিম বক্তৃতা করেন। সমাবেশ পরিচালনা করেন ছাত্র দলের যুগ্ম আহ্বায়ক ফজলুল হক মিলন। সমাবেশে শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধ, ডাঃ মিলনের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে ১৩ই মে চট্টগ্রামে, ১৬ই মে রাজশাহীতে এবং ২০শে মে খুলনায় ছাত্র-গণসমাবেশের কর্মসূচী ঘোষণা করা হয়।

আমান উল্লাহ আমান বলেন, একটি বিশেষ গোষ্ঠী সুপরিকল্পিতভাবে দেশে নৈরাজ্য সৃষ্টির চক্রান্ত শুরু করিয়াছে। গণআদালতের নামে বিশৃংখলা সৃষ্টি করা হইতেছে। কোর্টে মামলা করা হইয়াছে। সংসদে স্পীকারের প্রতি ফাইল ছুঁড়িয়া মারা হইয়াছে। সন্ত্রাসীরা গ্রেফতার হইলে তাহাদের মুক্তির দাবীতে জ্বালাও পোড়াও ভাঙ্গচুর করা হইতেছে। আমান বলেন, আমরাও একাত্তরের ঘাতক গোলাম আজমের বিচার চাই। কিন্তু এই বিচার হইতে হইবে প্রচলিত আইনের মাধ্যমে। রাস্তায় রাস্তায় গণআদালত বসাইয়া দেশে অরাজকতা সৃষ্টির জন্য জনগণ গণতন্ত্র অর্জন করে নাই। হুমকি দেওয়া হইতেছে সংসদ চলিতে দেওয়া হইবে না। সুরঞ্জিত সেনরা কারা? ইহা ভাবিয়া দেখিতে হইবে। তিনি বলেন, পরিস্থিতি দেখিয়া মনে হয়, গোলাম আজম তাহাদের টার্গেট নয়। মূল টার্গেট বি, এন, পি। কিন্তু তাহাদের বোঝা উচিত জনগণ বি, এন, পিকে ক্ষমতায় বসাইয়াছে। কাজেই ষড়যন্ত্র করিয়া বি,এন,পিকে সমস্যায় ফেলা যাইবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসী তৎপরতায় উদ্বেগ প্রকাশ করিয়া শিক্ষকদের উদ্দেশে আমান বলেন, 'ভিসির বাসভবন, জহুরুল হক হলের প্রভোস্টের উপর হামলা করা হইল অথচ আপনারা তাহার প্রতিবাদ করিলেন না। শিক্ষা জীবন রক্ষার স্বার্থে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে আন্তরিক সহযোগিতা প্রদান করুন।'

নাজিমউদ্দিন আলম বলেন, গণতন্ত্রের প্রধান শর্ত হইল আইনের প্রতি শ্রদ্ধাবোধ। অথচ আদালতের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়া তথাকথিত গণআদালতের নামে দেশে নৈরাজ্য সৃষ্টি করা হইয়াছে।

খায়রুল কবীর খোকন বলেন, বিরোধীদল ব্যক্তি আক্রোশে মাতিয়া উঠিয়াছে। গোলাম আজমের ভূমিকার কথা দেশবাসীর অজানা নয়। আমরাও তাহার বিচার চাই। তবে তাহা দেশের বিচার ব্যবস্থাকে উপেক্ষা করিয়া নয়। আদালতের নামে দেশকে চরম সংকটের মুখোমুখি করা হইয়াছে।

জাহানারা ইমামের প্রতি ইঙ্গিত করিয়া রিজভী বলেন, আপনি একজন শহীদ মুক্তিযোদ্ধার মা। স্বাধীনতার পরও শত শত মুক্তিযোদ্ধাকে হত্যা করা হইয়াছে। তখন গণআদালত বসাইলে আপনি যথার্থ ভূমিকা পালন করিতে পারিতেন।

ইলিয়াস আলী বলেন, গোলাম আজমের বিচারের পাশাপাশি সিরাজ সিকদার হত্যাকাণ্ডেরও বিচার করিতে হইবে।

কামরুজ্জামান রতন বলেন, গণআদালতের নামে সরকারকে হেয় করা যাইবে না।

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকা হইতে ছাত্রদলের কর্মীরা মিছিল করিয়া সমাবেশে অংশ নেয়। সমাবেশ শেষে নগরীতে বিক্ষোভ মিছিল বাহির করা হয়।

ATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM